

আপনার SNAP বেনিফিট ধরে রাখুন

আপনার বয়স যদি 18 থেকে 64 বছরের মধ্যে হয় এবং আপনি যদি 14 বছরের কম বয়সের কোনো শিশুর সাথে বাস না করেন, তাহলে ফেডারেল সরকারের নতুন নিয়ম মেনে না চললে আপনি আপনার SNAP বেনিফিট হারাবেন। এই নতুন কাজের আবশ্যিকতা "নির্ভরশীল ছাড়া সক্ষম দেহের প্রাপ্তবয়স্কদের" (Able-Bodied Adults Without Dependents, ABAWD) জন্য প্রযোজ্য হবে

আপনি যদি কাজের এই নিয়ম না মানেন, তাহলে আপনি শুধু তিন বছর সময়কালের মধ্যে তিন মাসের জন্য সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রামের (Supplemental Nutrition Assistance Program, SNAP) বেনিফিট পেতে পারবেন। আপনি যাতে আপনার SNAP পেতে থাকতে পারেন সে ব্যাপারে আমরা আপনাকে সাহায্য করতে চাই। নিচের তিনটির মধ্যে একটি করার মাধ্যমে আপনি আপনার SNAP ধরে রাখার জন্য পদক্ষেপ নিতে পারেন।

নির্ভরশীল ছাড়া সক্ষম দেহের প্রাপ্তবয়স্কদের (ABAWD) কাজের নিয়ম মানা এবং আপনার SNAP বেনিফিট ধরে রাখার তিনটি উপায়:

1. সপ্তাহে কম পক্ষে 20 ঘণ্টা বেতনভুক্ত বা অবৈতনিক কাজ (মাসে 80 ঘণ্টা)

উদাহরণস্বরূপ:

- এমন একটি চাকরি করা যেখানে আপনি সপ্তাহে কমপক্ষে 20 ঘণ্টা কাজ করেন বা সপ্তাহে আপনি 20 ঘণ্টার কম কাজ করলেও সপ্তাহে কমপক্ষে 217.50 মার্কিন ডলার আয় করেন।
- মাসে কমপক্ষে 80 ঘণ্টার জন্য অর্থ ছাড়া অন্য যেকোনো কিছু বিনিময়ে আপনার সেবা দেওয়ার মাধ্যমে ইন-কাইন্ড কাজ করা (যেমন, ভাড়া কমানোর বদলে ভবনের রক্ষণাবেক্ষণের কাজ করা)।

2. সপ্তাহে 20 ঘণ্টা কাজের দক্ষতা শেখা (মাসে 80 ঘণ্টা) যা আপনাকে আরো অর্থ উপার্জনে সাহায্য করতে পারে।

উদাহরণস্বরূপ:

- চাকরি খোঁজা, রিজিউম লেখার ব্যাপারে ওয়ার্কশপ করা, বা আপনার স্থানীয় সোশ্যাল সার্ভিসেস ডিসট্রিক্টের অনুমোদিত অন্য প্রশিক্ষণ নেওয়া। এর মধ্যে কিছু কিছু কার্যক্রম অনলাইনে JobZone.labor.ny.gov এবং dol.ny.gov/virtual-career-center-ind-এর মতো ওয়েবসাইটে করা যাবে।
- চাকরির দক্ষতা প্রশিক্ষণের প্রোগ্রাম এবং/অথবা শিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণ করা যেমন কলেজ কোর্স, সার্টিফিকেশন, বা ক্রেডেনশিয়াল প্রোগ্রাম যা আপনাকে কাজের জন্য এবং ইংরেজি ভাষায় নির্দেশাবলীর জন্য প্রস্তুত হতে সাহায্য করে।

3. কমিউনিটি সার্ভিস/স্বেচ্ছাসেবক

- কমিউনিটি সার্ভিস বা স্বেচ্ছাসেবকের কাজে আপনাকে কত ঘণ্টা অংশগ্রহণ করতে হবে তা নির্ভর করবে আপনার SNAP বেনিফিটকে স্টেটের সর্বনিম্ন বেতন দিয়ে ভাগ করলে কত আসে তার উপর।
উদাহরণস্বরূপ, আপনি যদি 300 মার্কিন ডলার SNAP পান এবং আপনার এলাকায় স্টেটের সর্বনিম্ন বেতন যদি 16.50 মার্কিন ডলার হয়, তাহলে আপনাকে প্রতি মাসে 18 ঘণ্টা কমিউনিটি সার্ভিস বা স্বেচ্ছাসেবকের কাজ করতে হবে। (300 মার্কিন ডলার ÷ 16.50 মার্কিন ডলার = 18 ঘণ্টা)।
- স্থানীয় ননপ্রফিট বা পাবলিক সার্ভিস অর্গানাইজেশন, যেমন ফুড প্যান্ড্রি, পার্ক, বা লাইব্রেরির সাথে স্বেচ্ছাসেবক হিসেবে বা ওয়ার্ক এক্সপেরিয়েন্স প্রোগ্রামের (Work Experience Program, WEP) অ্যাসাইনমেন্টে কাজ করুন।

*** আপনি যদি এই কাজগুলির কোনোটি করে থাকেন তাহলে অনুগ্রহ করে আপনার ওয়ার্কারকে তা জানান, এবং তারা আপনাকে বলবেন যে কীভাবে আপনার SNAP বেনিফিট ধরে রাখতে সাহায্য করার জন্য প্রতি মাসে আপনার কাজকে রিপোর্ট করতে হবে।**

আপনি কি অব্যাহতি পেয়েছেন?

আপনাকে হয়তো ABAWD কাজের নিয়ম মেনে চলতে হবে না যদি আপনি:

- 18 বছরের কম, বা 65 বছর বা তার বেশি বয়সের হন
- 14 বছরের কম বয়সের একটি শিশুর সাথে বাস করেন
- কোনো সরকারি বা বেসরকারি উৎস থেকে ডিজিবেলিটি বেনিফিট পেয়ে থাকলেন, যেমন নিউ ইয়র্ক স্টেটের ডিজিবেলিটি বেনিফিট
- গর্ভবতী হন
- আপনার কাজের ক্ষমতাকে সীমিত করে এমন একটি শারীরিক বা মানসিক স্বাস্থ্য সমস্যাসহ ব্যক্তি হন
- চলাফেরা করতে পারেন না এমন কোনো ব্যক্তির দেখাশোনা করেন
- টেম্পোরারি অ্যাসিস্টেন্স ফর নিডি ফ্যামিলিজ (Temporary Assistance for Needy Families, TANF) প্রোগ্রামের অধীনে কাজের নিয়ম মেনে চলছেন
- বেকার বেনিফিট পাচ্ছেন বা এর জন্য আবেদন করেছেন
- একটি মাদক বা অ্যালকোহল আসক্তি চিকিৎসা প্রোগ্রামে অংশগ্রহণ করেছেন
- কমপক্ষে অর্ধেক সময়ের জন্য একটি স্কুল, কলেজ, বা প্রশিক্ষণ প্রোগ্রামে যাচ্ছেন (শিক্ষার্থীদের জন্য যোগ্যতার অন্যান্য নিয়ম প্রযোজ্য হতে পারে)
- ইতিমধ্যে সপ্তাহে অন্তত 30 ঘণ্টা কাজ করছেন
- ইতিমধ্যেই সপ্তাহে 217.50 মার্কিন ডলার (ফেডারেল সর্বনিম্ন বেতনের 30 গুণ) বা তার বেশি আয় করছেন,
- SSI পাচ্ছেন বা আবেদন করেছেন
- আপনি একজন ইন্ডিয়ান, আর্বান ইন্ডিয়ান, ক্যালিফোর্নিয়ার ইন্ডিয়ান, এবং/অথবা অন্যান্য ইন্ডিয়ান যারা ইন্ডিয়ান হেলথ সার্ভিসের (Indian Health Services) জন্য উপযুক্ত

*** এই অব্যাহতিগুলির কোনোটি যদি আপনার জন্য প্রযোজ্য হয় তাহলে অনুগ্রহ করে আপনার ওয়ার্কারকে তা জানান**

অতিরিক্ত রিসোর্স:

আপনার স্থানীয় ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেস (Department of Social Services) খুঁজে নিতে ভিজিট করুন:
<https://otda.ny.gov/workingfamilies/dss.asp>

আপনার সবথেকে কাছের ক্যারিয়ার সেন্টার খুঁজে নিতে ভিজিট করুন: dol.ny.gov/career-centers